

আত্ তারগীব ওয়াত্ তারহীব

হাদিস নম্বরঃ ৬১৭

৬. নফল সালাত সমূহ [নফল সালাতের বর্ণনা] (كتاب النوافل)

পরিচ্ছেদঃ ১১) ক্রিয়ামুল্লায়ল (রাতে নফল নামায পড়া) করার প্রতি উদ্বুদ্ধকরণ

الترغيب في قيام الليل

আরবী

(حسن صحيح) وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَمْرٍو رَضِيَ اللَّهُ عَنْهُمَا عَنْ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: فِي الْجَنَّةِ غُرْفَةٌ يُرَى ظَاهِرُهَا مِنْ بَاطِنِهَا وَبَاطِنُهَا مِنْ ظَاهِرِهَا. فَقَالَ أَبُو مَالِكٍ الْأَشْعَرِيُّ لِمَنْ هِيَ يَا رَسُولَ اللَّهِ قَالَ لِمَنْ أَطَابَ الْكَلَامَ، وَأَطْعَمَ الطَّعَامَ، وَبَاتَ قَائِمًا وَالنَّاسُ نِيَامٌ. رَوَاهُ الطَّبْرَانِيُّ فِي الْكَبِيرِ بِإِسْنَادٍ حَسَنٍ وَالْحَاكِمُ وَقَالَ صَحِيحٌ عَلَى شَرْطِهِمَا

বাংলা

৬১৭. (হাসান সহীহ) আবদুল্লাহ বিন আমর (রাঃ) থেকে বর্ণিত। নবী (সালাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম) বলেন, "জান্নাতের মধ্যে এমন ঘর আছে যার ভিতর থেকে বাইরে দেখা যায়। আর বাইরে থেকে ভিতরে দেখা যায়।"

আবু মালেক আশআরী (রাঃ) বললেন, ওটা কার জন্য হে আল্লাহর রাসূল?

তিনি বললেনঃ "যে ব্যক্তি পবিত্র কথা বলে, মানুষকে খাদ্য দান করে আর মানুষ যখন ঘুমন্ত থাকে তখন নামায অবস্থায় রাত কাটায়।"

(ত্ববারানী [কাবীর গ্রন্থে] হাসান সনদেও হাকেম হাদীছটি বর্ণনা করেছেন। হাকেম বলেনঃ বুখারী ও মুসলিমের শর্তানুযায়ী হাদীছটি সহীহ)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88488>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন